যুগান্তর

তারিখ 08 DEC 2006
পৃষ্ঠা ২০ কলাম ৭

# চবিতে ভর্তিযুদ্ধ : প্রতি আসনের বিপরীতে প্রার্থী ২৬ জন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০০৬-০৭ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা আজ থেকে শুরু হচ্ছে। প্রথমদিন সকাল ৯-টায় 'জ' ইউনিট (জীববিজ্ঞান অনুষদ) এবং বিকাল আড়াইটায় 'চ' ইউনিটের (বন ও পরিবেশ বিজ্ঞান ইন্সটিটিউট) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। চবিতে এ বছর ৩৫টি বিভাগ ও দুটি ইন্সটিটিউটের ২ হাজার ৮১৫টি আসনের বিপরীতে ৬৫ হাজার ৬৯৫টি ভর্তি ফরম বিক্রি হয়েছে। গড়ে প্রতি আসনের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করবে ২৬ জন। ইতিমধ্যে ভর্তিচ্ছুদের পদভারে মুখরিত হয়ে উঠেছে চবি ক্যাম্পাস। পরীক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল এবং কটেজ ছাড়াও শহরের মেসগুলোতে এসে উঠেছে। ছাত্র সংগঠনগুলোও নবীনদের স্বাগত জানানোর জন্য বিভিন্ন কর্মসূচির আয়োজন করছে। এদিকে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর সমন্বয়হীনতার কারণে বিপাকে পড়েছে ভর্তিচ্ছুরা। একই দিনে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা থাকায় ভর্তি ফরম কিনেও পরীক্ষা দিতে পারছে না অনেক শিক্ষার্থী। আজ চবিতে পরীক্ষা ছাড়াও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়েও ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। আগামীকালও চবি, খুবি এবং কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ ব্যাপারে সরকারি বিজ্ঞান কলেজ থেকে আসা ভর্তি পরীক্ষার্থী অমল কোড প্রকাশ করে বলেন, আমি জাহাঙ্গীরনগর এবং খুলনা বিশ্ববিদ্যালয়ের ফরম কিনেছিলাম। কিন্তু একই দিনে পড়ে যাওয়ায় আমাকে ওই দুটি ছেড়ে এখানে আসতে হয়েছে। এখন যদি এখানে চান্স না পাই তাহলে আমাকে আরও একবছর বসে থাকতে হবে।

'চ' ইউনিট (বন ও পরিবেশ বিজ্ঞানের ইন্সটিটিউট) ভর্তি পরীক্ষার আসন বিন্যাস : বিজ্ঞান অনুষদ ভবন : নিচতলা রোল নং ১৯০০১ থেকে ২০২৮৩, দ্বিতীয় তলা : রোল নং ২০২৮৪ থেকে ২০৫৩৫, তৃতীয় তলা : রোল নং ২০৫৩৬ থেকে ২০৮৯৭, চতুর্থ তলা : রোল নং ২০৮৯৮ থেকে ২১৩৬১।